দৈনিক ইত্তেফাক

তারিখ ...05 FEB 1993
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

## কিন্ডারগার্টেনে বই বিক্রয়

রাজধানীর কিণ্ডারগার্টেন স্কুলগুলির ভূমিকা নিয়া বিতর্ক রহিয়াছে। স্কুলগুলির ব্যবসায়িক চরিত্র আজ আর গোপন নহে। ভর্তি, টিউশন ও অন্যান্য নানা খাতে মাত্রাতিরিক্ত ফি আদায় করা হয়। উচ্চমূল্যের একগাদা বই-পত্র ও নানারকম চাঁদার অত্যাচারে এইসব স্কুলের শিক্ষার্থীদের অভিভাবকেরা অতিষ্ঠ। কোন কোন স্কুল আরও এক ধাপ আগাইয়া গিয়াছে। রাজধানীর বাসাবো কদমতলাস্থ একটি নার্সারী স্কুলে দফায় দফায় নানা ফী বৃদ্ধির পাশাপাশি এ বছর স্কুল নিজস্ব উদ্যোগে শিক্ষার্থীদের বই-পুস্তক বিক্রয় শুরু করিয়াছে। বই বিক্রয়ের জন্য পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সদস্য হইতে হয়। কোন স্কুল কখনও এই সমিতির অনুমোদনপ্রাপ্ত সদস্যপদ লাভ করিতে পারে না। বিষয়টির প্রতি আমরা পুস্তক বিক্রেতা সমিতি ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—এ, এইচ, সবুজ, মায়াকানন, ঢাকা।